গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৭ আগস্ট ২০১৫, ২ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধুর আদর্শের জন্য যে কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত : প্রধানমন্ত্রী
২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ শুরু, কাজ শেষ ২০১৬ সালে
৩। জেদ্দার পথে ৪১৮ যাত্রী নিয়ে ঢাকা ছাড়ল প্রথম হজ ফ্লাইট
৪। বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র তদন্তে কমিশন হবে : বিবিসি সংলাপে আইনমন্ত্রী
৫। নতুন প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দিতে হবে : প্রবাসী কল্যাণ মন্ত্রী
৬। বাজেয়াপ্ত হচ্ছে মোবাইল ফোনের অবৈধ সিম
- শিগগিরই বড় ধরনের অভিযান : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী
৭। নিম্ন আদালতে পড়ে থাকা মামলাগুলো দ্রুত নিস্পত্তি করুন: রাজশাহীতে প্রধান বিচারপতি
৮। কুমিল্লায় সন্ত্রাসীদের বন্দুকযুদ্ধে শিশু গুলিবিদ্ধ
৯। ১ সেপ্টেম্বর থেকে সংসদ অধিবেশন
১০। মেডিকেল ভর্তি পরীক্ষায় নতুন তারিখ ১৮ সেপ্টেম্বর
১১। শতভাগ ভেজাল ১৩ পণ্যে

চলমান পাতা/২

১। বঙ্গবন্ধুর আদর্শের জন্য যে কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত : প্রধানমন্ত্রী

বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন এবং স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার জন্য যে কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত রয়েছেন বলে আবারো দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়াই আমার একমাত্র লক্ষ্য। আর সেই লক্ষ্য পূরণে জীবন বাজি রেখে কাজ করছি। জাতির পিতার বাংলাদেশ বিশ্বসভায় উন্নত দেশের মর্যাদা পাবে। সে জন্য জাতির পিতার আদর্শ ও লক্ষ্যকে ধারণ করে কাজ করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী। গতকাল ১৬ আগস্ট রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বঙ্গবন্ধুর ৪০তম শাহাদতবার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবসের আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ শুরু, কাজ শেষ ২০১৬ সালে

রাজধানীর বিমানবন্দর এলাকা থেকে কুতুবখালী পর্যন্ত প্রায় ২০ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ শুরু হয়েছে। গতকাল ১৬ আগস্ট রোববার সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিমানবন্দর সড়কের কাওলা এলাকায় এ কাজের উদ্বোধন করেন। সেতু বিভাগ জানিয়েছে, আগামী ২০১৬ সালের জুনে প্রকল্পের কাজ শেষ হবে। সড়কটি জনসাধারণ ব্যবহার করতে পারবে ২০১৮ সাল থেকে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, রাজধানীর যানজট কমাতে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮)।

৩। জেদ্দার পথে ৪১৮ যাত্রী নিয়ে ঢাকা ছাড়ল প্রথম হজ ফ্লাইট

৪১৮ জন যাত্রী নিয়ে সৌদি আরবের জেদ্দার উদ্দেশে ঢাকা ছেড়েছে প্রথম হজ ফ্লাইট। গতকাল ১৬ আগস্ট রোববার সকাল সাড়ে ৮টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের (বিজি-১০১১) ফ্লাইটটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৌদি আরবের জেদ্দার উদ্দেশে রওয়ানা দেয়। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এবং ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান বিমানবন্দরে উপস্থিত থেকে উদ্বোধন ফ্লাইটের হজ যাত্রীদের বিদায় জানান। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.১)।

৪। বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র তদন্তে কমিশন হবে : বিবিসি সংলাপে আইনমন্ত্রী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পেছনে কোনো রাজনৈতিক ষড়যন্ত্র ছিল কি-না তা তদন্তে একটি কমিশন গঠনের উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। তিনি বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পেছনে একটি রাজনীতি কাজ করেছে। হত্যাযজ্ঞের নেপথ্যে মদদদাতা দেশি ও বিদেশি ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। রাজনৈতিক ষড়যন্ত্র উদঘাটনে একটি সেল গঠনের চিন্তা করা হচ্ছে। এ বিষয়ে গবেষণার প্রয়োজন রয়েছে। গতকাল ১৬ আগস্ট রোববার রাজধানীর টিসিবি ভবন মিলনায়তনে বিবিসি বাংলাদেশ সংলাপে অংশ নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৫), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.২)।

৫। নতুন প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দিতে হবে : প্রবাসী কল্যাণ মন্ত্রী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে নতুন প্রজন্মের মধ্যে তাঁর আদর্শ ছড়িয়ে দিতে হবে। পাশাপাশি, প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে দেশকে এগিয়ে নিয়ে যেতে তিনি সবার সহায়তা কামনা করেন। মন্ত্রী গতকাল ১৬ আগস্ট রোববার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৭)।

৬। বাজেয়াপ্ত হচ্ছে মোবাইল ফোনের অবৈধ সিম

- শিগগিরই বড় ধরনের অভিযান : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

সাতদিনের একটি ক্রাশ প্রোগ্রামে সব অনিবন্ধিত সিম বাজেয়াপ্ত করার উদ্যোগ নিয়েছে সরকার। গতকাল ১৬ আগস্ট রোববার সচিবালয়ে এক আলোচনা সভায় একথা জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৬), যুগান্তর (পৃ.১৫,ক.১)।

৭। নিম্ন আদালতে পড়ে থাকা মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করুন : রাজশাহীতে প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল এবং বিচার ব্যবস্থা গতিশীল না থাকলে উন্নয়ন সম্ভব নয়। তিনি দেশ এবং জনগণের স্বার্থে বিচার ব্যবস্থাকে গতিশীল করতে দীর্ঘদিন ধরে পড়ে থাকা মামলাগুলো বিচক্ষণতা এবং দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য নিম্ন আদালতের বিচারকদের নির্দেশ দেন। গত ১৫ আগস্ট শনিবার রাতে রাজশাহী জেলা ও দায়রা জজ আদালতের বিচারকদের নিয়ে স্থানীয় সার্কিট হাউজে আয়োজিত বার্ষিক জুডিশিয়াল কনফারেন্সে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এই নির্দেশ দেন। সূত্র-ইত্তেফাক (শেষ

পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.২,ক.১)।

৮। কুমিল্লায় সন্ত্রাসীদের বন্দুকযুদ্ধে শিশু গুলিবিদ্ধ

কুমিল্লা নগরীর শুভপুর এলাকায় পুলের মাথায় দুই সন্ত্রাসী বাহিনীর বন্দুকযুদ্ধে হৃদয় (৪) নামের এক শিশু গুলিবিদ্ধ হয়েছে। এ ঘটনায় আহত হয়েছে সন্ত্রাসী গ্রুপের আরও তিনজন। গতকাল ১৬ আগস্ট রোববার সকাল সাড়ে ৯টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। শিশুটি কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। সূত্র-সমকাল (পৃ.১,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

৯। ১ সেপ্টেম্বর থেকে সংসদ অধিবেশন

আগামী ১ সেপ্টেম্বর থেকে দশম সংসদের সপ্তম অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ১৬ আগস্ট রোববার জাতীয় সংসদ সচিবালয়ের জনসংযোগ বিভাগের পরিচালক এস এম মঞ্জুর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.২,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

১০। মেডিকেল ভর্তি পরীক্ষার নতুন তারিখ ১৮ সেপ্টেম্বর

দেশের সব মেডিকেল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা আগামী ১৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল ১৬ আগস্ট রোববার ২০১৫-১৬ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএসের প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.৩,ক.৬)।

১১। শতভাগ ভেজাল ১৩ পণ্যে

খাবারের তালিকাভুক্ত ৪৩ পণ্যে ভেজালের প্রমাণ পাওয়া গেছে। এসব পণ্যে গড়ে শতকরা ৪০ ভাগ ভেজালের সন্ধান পেয়েছে জনস্বাস্থ্য ইন্সটিটিউট (আইপিএইচ)। এর মধ্যে ১৩টি পণ্যে ভেজালের হার প্রায় শতভাগ। ভেজাল বা নিম্নমানের খাদ্য শনাক্ত হলেও এগুলো বিক্রি বন্ধে সরকারের কোনো উদ্যোগ নেই। ফলে প্রতিদিন ভেজাল খাবারের প্রভাবে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্তের আশঙ্কা বাড়ছে। বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হেদায়েতুল্লাহ আল মামুন এ প্রসঙ্গে সংবাদ মাধ্যমকে বলেন, ভেজালে অভিযুক্ত কোনো প্রতিষ্ঠান বা পণ্যের নাম এখনও মন্ত্রণালয়ে আসেনি। এ ধরনের পণ্যের তালিকা হাতে পাওয়ার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও বিক্রেতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-যুগান্তর এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল, যুগান্তর : আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম শোকের মাসে বঙ্গবন্ধুর প্রতি সম্মান দেখিয়ে চাঁদাবাজি, দখলবাজি, অস্ত্রবাজি থেকে নিবৃত্ত থাকার দলীয় নেতা-কর্মীদের প্রতি যে আহ্বান জানিয়েছেন তা আগ্রাহ্য করে শোক দিবসসহ অন্যান্য দিনে একের পর এক নেতাকর্মীদের মারামারি, খুনোখুনিতে লিপ্ত হওয়া লজ্জাজনক উল্লেখ করে দলকে সামাল দিতে উচ্চতর নেতাদের নজর দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : রাজধানীর অলিগলি থেকে রাজপথ পর্যন্ত সর্বত্র বিভিন্ন সংস্থা ও সার্ভিস প্রোভাইডারদের ক্যাবলে মারাত্মক ক্যাবল জটের সৃষ্টি হওয়ায় তা দৃষ্টিকটু উল্লেখ করে এগুলো দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : যেকোন সমাজের সংস্কৃতি ও সভ্যতার উৎকর্ষের জন্য মননচর্চার বিকল্প নেই বলে মন্তব্য;

ঘ. সংবাদ : পার্বত্য অঞ্চলে শান্তি প্রতিষ্ঠার জন্য পাহাড়ি ও বাঙালির মধ্যে ভূমি বিরোধের যৌক্তিক নিষ্পত্তি করার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব : বাংলাদেশ ওষুধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন কোম্পানির ৫১টি ওষুধের নিবন্ধন বাতিল করার কথা উল্লেখ করে অবিলম্বে এসব ওষুধ বাজার থেকে তুলে নেওয়ার দাবি;

চ. ডেইলি স্টার : হাজারিবাগের ট্যানারি শিল্প আর কালক্ষেপণ না করে অতিদ্রুত সাভারে স্থানান্তরের মাধ্যমে চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানি বাড়ানোর উদ্যোগ জোরদার করার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : জনস্বাস্থ্যের নিরাপত্তায় রেজিস্টার্ড চিকিৎসক ব্যতীত হাতুড়ে ডাক্তার ও ওষুধ বিক্রেতার পরামর্শে এন্টিবায়োটিকসহ যেকোনো ধরনের ওষুধ ক্রয় না করার আহ্বান;

জ. ডেইলি সান : রাজধানীর সড়ক-মহাসড়কগুলোর অবস্থা খুবই খারাপ হয়ে স্বাভাবিক চলাচলে সমস্যা সৃষ্টি হওয়ায় সড়কগুলো জরুরিভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. নিউ নেশন : ট্রাক ও বাস মালিকদের কর ফাঁকির প্রবণতা প্রতিরোধে আইনি ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষা ব্যবস্থার নানা সমস্যা সমাধানে সব চাইতে প্রথম প্রয়োজন যোগ্য শিক্ষকমণ্ডলী বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত ‘পুঁথিগত বিদ্যা’ শিরোনামের নিবন্ধে দিপ্তি ইসলাম পুঁথিগত বিদ্যার মধ্যে সীমাবদ্ধ না থেকে প্রকৃত শিক্ষা যেন জ্ঞানার্জনের মধ্যে সীমাবদ্ধ থাকে আর জীবিকার মাধ্যম হোক কর্মমুখী শিক্ষা বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা